গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন (লেইস) প্রজেক্ট

স্মারক নং: মাউশি/লেইস/০২-১৪৮/PDT/২০২৫/১১৩৬ তারিখ : ২ জৈষ্ঠ্য, ১৪৩৩ ব. / ১৬ মে, ২০২৬ খ্রি.

বিষয় : লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন (লেইস) প্রজেক্ট এর আওতায় মাধ্যমিক পর্যায়ের শিক্ষকগণের ১ম ব্যাচের "প্রফেশনাল ডেভেলপমেন্ট ট্রেনিং" আয়োজন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতায় বিশ্বব্যাংকের ঋণ সহায়তায় গৃহীত লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন (লেইস) প্রজেক্টটি অক্টোবর ২০২৩ হতে সেপ্টেম্বর ২০২৮ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। লেইস প্রজেক্ট এর আওতায় মাধ্যমিক পর্যায়ের শিক্ষকগণের জন্য ব্যাপকভিত্তিক বিশেষায়িত প্রশিক্ষণ আয়োজনের পরিকল্পনা করা হয়েছে। তন্মধ্যে মাধ্যমিক পর্যায়ে ৫৩,৭৬০ জন শিক্ষকের (যাদের বয়স ৪০ এর উপরে) জন্য ৪২-দিনব্যাপী বিষয়ভিত্তিক (বাংলা, ইংরেজি, গণিত ও বিজ্ঞান) প্রফেশনাল ডেভেলপমেন্ট ট্রেনিং (Professional Development Training) আয়োজনের কর্মসূচি রয়েছে। মাধ্যমিক পর্যায়ের শিক্ষকগণকে হাতেকলমে কার্যকর ও ফলপ্রসূ শিখন-শেখানো কার্যক্রম পরিচালনা ও আধুনিক ক্লাসরুমের চ্যালেঞ্জসমূহ মোকাবেলার উপযোগী করার লক্ষ্যে পেশাগত দক্ষতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হবে।

২। প্রফেশনাল ডেভেলপমেন্ট ট্রেনিং প্রদানের লক্ষ্যে ইতোমধ্যে প্রশিক্ষণ ম্যানুয়াল প্রণয়ন করা হয়েছে। প্রণয়নকৃত ট্রেনিং ম্যানুয়াল এর আলোকে ইংরেজি, গণিত ও বিজ্ঞান বিষয়ের ১২-দিনব্যাপী প্রথম ব্যাচের মাস্টার ট্রেইনারগণের প্রশিক্ষণ বিগত ২৭ এপ্রিল হতে ০৮ মে, ২০২৬ তারিখে সমাপ্ত হয়েছে। ২য় ব্যাচের মাস্টার ট্রেইনারগণের প্রশিক্ষণ ০৯ মে ২০২৬ তারিখে শুরু হয়েছে, যা ২০ মে ২০২৬ তারিখে সমাপ্ত হবে। প্রণয়নকৃত ট্রেনিং ম্যানুয়াল আলোকে ইংরেজি, গণিত ও বিজ্ঞান বিষয়ে ১ম ব্যাচের প্রফেশনাল ডেভেলপমেন্ট ট্রেনিং গত ১৩ মে ২০২৬ তারিখে দেশের ১১ টি সরকারি টিচার্স ট্রেনিং কলেজে ট্রাই-আউট ভিত্তিতে শুরু করা হয়েছে।

৩। চলতি ২০২৫-২৬ অর্থবছরের প্রশিক্ষণ পরিকল্পনা অনুযায়ী আগামী ২০ মে ২০২৬ থেকে দেশের ১৩টি সরকারি টিচার্স ট্রেনিং কলেজে (প্রতি টিটিসিতে বিষয়ভিত্তিক গ্রুপ এর সংখ্যা সংযুক্তি-১ সদয় দ্রষ্টব্য) মাধ্যমিক পর্যায়ের শিক্ষকের (৪০ বছরের উর্ধ্বে) ৪২-দিনব্যাপী প্রফেশনাল ডেভেলপমেন্ট ট্রেনিং-এর ১ম ব্যাচের ইংরেজি, গণিত ও বিজ্ঞান বিষয়ে (প্রতিটি বিষয়ের প্রত্যেক গ্রুপে ৪০ জন প্রশিক্ষণার্থী) প্রশিক্ষণ আয়োজনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

৪। লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন প্রজেক্টের ডিপিপি'র সংস্থানের আওতায় সংশ্লিষ্ট টিচার্স ট্রেনিং কলেজ এর অধ্যক্ষের তত্ত্বাবধানে বর্ণিত প্রফেশনাল ডেভেলপমেন্ট ট্রেনিং কর্মসূচি আয়োজিত হবে। উক্ত প্রশিক্ষণ আয়োজনের জন্য সংশ্লিষ্ট টিচার্স ট্রেনিং কলেজসমূহের অধ্যক্ষগণকে জরুরিভিত্তিতে নিম্নবর্ণিত প্রস্তুতি গ্রহণের অনুরোধ করা হলো:

(ক) স্ব স্ব টিচার্স ট্রেনিং কলেজের সন্নিকটবর্তী অঞ্চল (catchment area: তালিকা সংযুক্তি-২) হতে জেলা শিক্ষা অফিসার/থানা/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের সহায়তায় ইংরেজি, গণিত ও বিজ্ঞান প্রতিটি বিষয়ের জন্য ৪০ জন করে প্রশিক্ষণার্থী বাছাই করে তালিকার একটি কপি আগামী ১৮ মে, ২০২৬ খ্রি. এর মধ্যে লেইস পিআইইউ বরাবর প্রেরণ করবেন।

(খ) নিম্নবর্ণিত মানদণ্ড অনুসরণপূর্বক প্রশিক্ষণার্থী বাছাই করতে হবে:

i. প্রশিক্ষণার্থী বাছাইয়ের ক্ষেত্রে ইংরেজি, গণিত এবং বিজ্ঞান বিষয়ের শিক্ষক হতে হবে;
ii. প্রশিক্ষণে মনোনীত শিক্ষকের বয়স ৪০ বছরের উর্ধ্বে হতে হবে। প্রতিটি উপজেলা/থানা হতে বয়সের ক্রমানুসারে অধিকতর জ্যেষ্ঠ শিক্ষককে অগ্রাধিকার দিতে হবে।
iii. প্রশিক্ষণার্থী মনোনয়নের ক্ষেত্রে বিদ্যালয় ও মাদ্রাসার অনুপাত হবে ২:১।
iv. কোনো বিদ্যালয়/মাদ্রাসা হতে একই ব্যাচে ১ জনের বেশি শিক্ষক নির্বাচন করা যাবে না।
v. মনোনীত শিক্ষক সংশ্লিষ্ট টিটিসি'র সন্নিকটবর্তী এলাকার (catchment area) হতে হবে। (সংযুক্তি-২: সদয় দ্রষ্টব্য)।
vi. প্রশিক্ষণার্থীর মধ্যে পুরুষ শিক্ষক ও নারী শিক্ষকের অনুপাত হবে ৭:৩।
vii. এটি একটি পূর্ণকালীন আবাসিক প্রশিক্ষণ বিধায় প্রশিক্ষণ চলাকালীন সময়ে বি.এড/এম.এড/ অন্য কোন পরীক্ষা বা প্রশিক্ষণে অংশগ্রহণ করতে ইচ্ছুক এমন কাউকে মনোনয়ন দেওয়া যাবে না।
viii. কোনো শিক্ষা প্রতিষ্ঠানে একাধিক যোগ্য ও আগ্রহী শিক্ষক থাকলে প্রশিক্ষণার্থী মনোনয়নের ক্ষেত্রে জ্যেষ্ঠতাকে প্রাধান্য দিতে হবে।
ix. ইতঃপূর্বে লেইস প্রকল্পের বেসিক প্রশিক্ষণে অংশগ্রহণকারীগণ বর্ণিত প্রশিক্ষণে অংশগ্রহণ করতে পারবে না।
x. যদি কোনো প্রশিক্ষণার্থী প্রকৃত বয়স, কোন স্তরের (মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক) শিক্ষক, নন-এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের/নন-এমপিও শিক্ষক, ইতঃপূর্বে প্রদানকৃত বেসিক ট্রেনিংয়ের প্রশিক্ষণার্থী ইত্যাদি তথ্য গোপন করে বর্ণিত প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণ করে এবং পরবর্তীতে চিহ্নিত হয়, তাহলে প্রশিক্ষণে অবস্থানকালীন ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে হবে।

(গ) সংশ্লিষ্ট টিটিসিকে প্রশিক্ষণে অংশগ্রহণকারী সকল প্রশিক্ষণার্থীর আবাসনের ব্যবস্থা নিশ্চিত করতে হবে। এছাড়া আইসিটি ল্যাব ও ক্লাসরুম সুবিধা নিশ্চিত করতে হবে।

(ঘ) প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনার জন্য অর্থবিভাগ হতে অনুমোদিত বাজেট অনুসরনপূর্বক প্রতিটি টিটিসিতে প্রতি গ্রুপের জন্য একটি করে কো-অর্ডিনেশন কমিটি গঠিত হবে। টিটিসির বিষয়ভিত্তিক প্রশিক্ষণপ্রাপ্ত মাস্টার ট্রেইনারগণ প্রতিটি কো-অর্ডিনেশন কমিটির সমন্বয়কের দায়িত্ব পালন করবেন। উল্লেখ্য যে, যে সকল টিটিসিতে বিষয়ভিত্তিক প্রশিক্ষণপ্রাপ্ত মাস্টার ট্রেইনার নেই, সে সকল ক্ষেত্রে টিটিসির পিডিটির মাস্টার ট্রেইনারদের মধ্য হতে কাউকে কো-অর্ডিনেশন কমিটির সমন্বয়কের দায়িত্ব প্রদান করতে হবে (বিজ্ঞানের মাস্টার ট্রেইনার গণিতের সমন্বয়ক, বাংলার মাস্টার ট্রেইনার ইংরেজির মাস্টার ট্রেইনার অথবা এর বিপরীত)।

(ঙ) অর্থবিভাগ কর্তৃক অনুমোদিত প্রশিক্ষণ বাজেট বিভাজনের কপি সকল টিচার্স ট্রেনিং কলেজে প্রেরিত হবে। উক্ত বাজেট বিভাজন, আর্থিক ক্ষমতা অর্পণ-২০২৫, সরকারি ক্রয় নীতমালা ও ক্রয় বিধিমালা-২০২৫ এবং সময়ে সময়ে জারিকৃত সরকারি আর্থিক বিধিবিধান অনুসরণপূর্বক প্রশিক্ষণের জন্য প্রয়োজনীয় ব্যয় (যথা: প্রশিক্ষণ উপকরণ ক্রয়, খাবার সরবরাহ, সম্মানী প্রদান ইত্যাদি) নির্বাহ করতে হবে। এ লক্ষ্যে প্রয়োজনীয় পূর্ব প্রস্তুতি গ্রহণ করতে হবে।

(চ) সংশ্লিষ্ট টিচার্স ট্রেনিং কলেজ ও অন্যান্য প্রতিষ্ঠানের বিষয়ভিত্তিক প্রশিক্ষণপ্রাপ্ত মাস্টার ট্রেইনারগণ প্রশিক্ষকের দায়িত্ব পালন করবেন। উল্লেখ্য যে, পিডিটির বিষয়ভিত্তিক ম্যানুয়ালের যে সকল সেশনে বিষয়ের সংশ্লেষ নেই, লেইস পিআইইউ হতে সরবরাহকৃত গাইডলাইন অনুযায়ী সে সকল জেনেরিক সেশন পরিচালনা করা যাবে।

(ছ) সংশ্লিষ্ট টিটিসি কর্তৃক ইতঃপূর্বে অগ্রণী ব্যাংক পিএলসি এর স্থানীয় শাখায় 'লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন প্রজেক্ট' এর নামে খোলা চলতি হিসাবে প্রফেশনাল ডেভেলপমেন্ট ট্রেনিং কর্মসূচি আয়োজনের নিমিত্ত অগ্রিম বরাদ্দ প্রেরণ করা হবে। টিটিসিসমূহ বর্ণিত বরাদ্দ থেকে অর্থ উত্তোলনপূর্বক 'প্রফেশনাল ডেভেলপমেন্ট ট্রেনিং' নামে একটি আলাদা লেজার এর মাধ্যমে ব্যয়ের হিসাব পৃথকভাবে সংরক্ষণ করবে এবং অব্যয়িত অর্থ 'প্রফেশনাল ডেভেলপমেন্ট ট্রেনিং' নাম উল্লেখপূর্বক জমা প্রদান করবেন। এক্ষেত্রে, নতুন ব্যাংক হিসাব খোলার প্রয়োজন হবে না।

৪। এ পরিপ্রেক্ষিতে, লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন প্রজেক্ট এর আওতায় মাধ্যমিক পর্যায়ের শিক্ষকগণকে প্রফেশনাল ডেভেলপমেন্ট ট্রেনিং (PDT) প্রদান এর লক্ষ্যে ২য় ব্যাচের ৪০ জন প্রশিক্ষণার্থী অনুচ্ছেদ ৩ (খ) এ বর্ণিত মানদন্ড অনুসারে বাছাই এবং প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য লেইস প্রকল্পকে প্রয়োজনীয় সার্বিক সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

১৬.০৫.২৬

(প্রফেসর মো. আসাদুজ্জামান)
প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন প্রজেক্ট

অধ্যক্ষ
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ (১৪ টি টিটিসি, সংযুক্তি-১), বাংলাদেশ।

স্মারক নং: মাউশি/লেইস/০২-১৪৮/PDT/২০২৫/ ১১৬৮

তারিখ : ২ জৈষ্ঠ্য, ১৪৩৩ ব.
১৬ মে, ২০২৬ খ্রি.

**সদয় অবগতির জন্য অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ [দৃ. আ. অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ];
২. সচিব, কারিগরি ও মাধ্যমিক শিক্ষা বিভাগ [দৃ. আ. অতিরিক্ত সচিব (উন্নয়ন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ];
৩. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর;
৪. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর;
৫. পরিচালক (প্রশিক্ষণ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর;
৬. পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর;
৭. পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর;
৮. আঞ্চলিক পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল);
৯. উপপরিচালক, মাধ্যমিক শিক্ষা (সকল অঞ্চল);

**প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. জেলা শিক্ষা অফিসার, ............ (সংশ্লিষ্ট জেলা); [ বর্ণিত প্রশিক্ষণে প্রশিক্ষণার্থী বাছাই এর ক্ষেত্রে সংলিষ্ট প্রশিক্ষণ ভেন্যুকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের অনুরোধসহ]

২. প্রজেক্ট অফিসার (প্রশিক্ষণ-১), লেইস প্রজেক্ট;[ লেইস ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
৩. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সংশ্লিষ্ট); [ বর্ণিত প্রশিক্ষণে প্রশিক্ষণার্থী বাছাই এর ক্ষেত্রে সংলিষ্ট প্রশিক্ষণ ভেন্যুকে সহযোগিতা প্রদানের অনুরোধসহ]
৪. সংরক্ষণ নথি।

16.05.26

(মোহাম্মদ নাসির উদ্দিন)
উপ-প্রকল্প পরিচালক
(প্রশিক্ষণ, প্রোগ্রামিং এবং রিপোর্টিং)
লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন (লেইস) প্রজেক্ট